MGI SLST GEOGRAPHY ONLINE COACHING

Contact: 9735337699/8640890159 (WhatsApp)

জলবায়ু বিদ্যার ১০০টি প্রশ্ন ও উত্তর

১. পৃথিবীর বায়ুমন্ডলের উর্দ্ধসীমা কত?
উঃ ভূ-পৃষ্ঠ থেকে প্রায় ১০,০০০ কিমি।

২. পৃথিবীর বায়ুমন্ডলে কোন গ্যাসের পরিমান সর্বাধিক?
উঃ নাইট্রোজেন (৭৮.০৮%)।

৩. পৃথিবীর বায়ুমন্ডলে অক্সিজেন গ্যাসের গড় পরিমান কত?
উঃ ২০.৯৪%।

৪. পৃথিবীর বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড গ্যাসের গড় পরিমান কত?
উঃ ০.০৩%।

৫. পৃথিবীর বায়ুমন্ডলে কোন নিস্ক্রিয় গ্যাসের পরিমান সর্বাধিক?
উঃ আর্গন (০.৯৩%)।

৬. পৃথিবীর বায়ুমন্ডলে ওজোন গ্যাসের গড় পরিমান কত?
উঃ ০.০০০০৬%।

৭.এরোসোল কি?
উঃ পৃথিবীর বায়ুমন্ডলে জলীয় বাষ্প এবং অতি সূক্ষ্ম ধূলিকণা, লবণ কণা প্রভৃতি জৈব ও অজৈব কণাগুলিকে একত্রে এরোসোল বলে।

৮. পৃথিবীর বায়ুমন্ডলের সমমন্ডল অঞ্চলের বিস্তৃতি কত?
উঃ ভূ-পৃষ্ঠ থেকে প্রায় ৮৫ কিমি পর্যন্ত।

৯. পৃথিবীর বায়ুমন্ডলের বিষমমন্ডল অঞ্চলের বিস্তৃতি কত?
উঃ ভূ-পৃষ্ঠের উর্দ্ধে ৮৫ কিমি থেকে ১০,০০০ কিমি পর্যন্ত।

১০. পৃথিবীর বায়ুমন্ডলের সর্বনিম্ন স্তরটির নাম কি?
উঃ ঘনমন্ডল বা ট্রোপোস্ফিয়ার।

১১. পৃথিবীর বায়ুমন্ডলের সর্বোচ্চ স্তরটির নাম কি?
উঃ বহিঃমন্ডল বা এক্সোস্ফিয়ার (অনেকের মতে ম্যাগনেটোস্ফিয়ার)।

১২. সাধারন তাপ হ্রাস-এর হার কত?
উঃ প্রতি ১০০০ মিটারে ৬.৫ ডিগ্রি C।

১৩. কোন অঞ্চলে ট্রোপোস্ফিয়ারের গভীরতা সর্বাধিক ?
উঃ নিরক্ষীয় অঞ্চলে।

১৪. কোন অঞ্চলে ট্রোপোস্ফিয়ারের গভীরতা সবচেয়ে কম?
উঃ মেরু অঞ্চলে।

১৫. ট্রোপোস্ফিয়ারের গড় গভীরতা কত?
উঃ সমুদ্রতল থেকে ১২-১৪ কিমি।

১৬.নিরক্ষীয় অঞ্চলে ট্রোপোস্ফিয়ারের গড় গভীরতা কত?
উঃ ১৭ কিমি।

১৭. মেরু অঞ্চলে ট্রোপোস্ফিয়ারের গড় গভীরতা কত?
উঃ ০৯ কিমি।

১৮. ট্রোপোস্ফিয়ারের উর্দ্ধসীমা কি নামে পরিচিত?
উঃ ট্রোপোপজ।

১৯. ট্রোপোপজ কথাটির অর্থ কি?
উঃ গ্রীক শব্দ ট্রোপোপজ এর অর্থ হল 'Where The Mixing Stops' অর্থাৎ যেখানে উষ্চতা ও উষ্ণতার প্রক্রিয়া একাকার হয়ে যায়।

২০. ট্রোপোপজ শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
উঃ স্যার নেপিয়ার শাহ্।

২১. ট্রোপোস্ফিয়ারের কোন অংশটিকে সমোষ্ণ অঞ্চল বলে?
উঃ ট্রোপোপজ।

২২. বায়ুমন্ডলের কোন স্তরের ওপরে গোধূলির আলো পৌঁছায় না?
উঃ স্ট্র্যাটো-স্ফিয়ার।

২৩. পৃথিবীর বায়ুমন্ডলের কোন স্তরের মধ্য দিয়ে জেট বিমান চলাচল করে?
উঃ স্ট্র্যাটো-স্ফিয়ার।

২৪. স্ট্র্যাটো-স্ফিয়ারের বিস্তৃতি কত?
উঃ ভূ-পৃষ্ঠের ওপরে ১৪ কিমি থেকে ৩০ কিমি পর্যন্ত।

২৫.স্ট্র্যাটো স্ফিয়ারের উর্দ্ধসীমা কি নামে পরিচিত?
উঃ স্ট্র্যাটো-পজ।

২৬. পৃথিবীর বায়ুমন্ডলের কোন স্তরে ওজোন গ্যাস দেখা যায়?
উঃ স্ট্র্যাটো-স্ফিয়ার / মেসোস্ফিয়ার। (এই স্তরটিকে ওজোনোস্ফিয়ার ও বলে।)।

২৭. মেসোস্ফিয়ারের বিস্তৃতি কত?
উঃ ভূ-পৃষ্ঠের ওপরে ৩০ কিমি থেকে ৬০ কিমি পর্যন্ত। (অন্য মতে, ৫০ থেকে ৮০ কিমি।)।

২৮. মেসোস্ফিয়ারের উর্দ্ধসীমা কি নামে পরিচিত?
উঃ মেসোপজ।

২৯. পৃথিবীর বায়ুমন্ডলের কোন স্তরে আয়ন বিশ্লেষিত হতে দেখা যায়?
উঃ আয়নোস্ফিয়ার।

৩০. আয়নোস্ফিয়ারের বিস্তৃতি কত?
উঃ ভূ-পৃষ্ঠের ওপরে ৬০ কিমি থেকে ৪০০-৫০০ কিমি পর্যন্ত।

৩১. পৃথিবীর মেরু অঞ্চলে বায়ুমন্ডলের কোন স্তরে মেরুজ্যোতি দেখা যায়?
উঃ আয়নোস্ফিয়ার।

৩২. থার্মোস্ফিয়ার কি?
উঃ আয়নোস্ফিয়ার স্তরে বায়ুর উষ্ণতা দ্রুত বৃদ্ধি পায় বলে, তাই একে থার্মোস্ফিয়ার বলে।

৩৩. পৃথিবীর বায়ুমন্ডলের কোন স্তর থেকে বেতার তরঙ্গ পুনরায় ভূ-পৃষ্ঠে ফিরে আসে?
উঃ আয়নোস্ফিয়ার।

৩৪. এক্সোস্ফিয়ারের বিস্তৃতি কত?
উঃ ভূ-পৃষ্ঠের ওপরে ৪০০-৫০০ কিমি থেকে ১০০০ কিমি।

৩৫. ম্যাগনেটোস্ফিয়ার কি?

উঃ এক্সোস্ফিয়ারের উর্দ্ধে ২০০০-৪০০০ কিমি উচ্চতায় যে স্তরে ইলেকট্রন ও প্রোটন আয়নগুলি বলয়াকারে অবস্থান করে, তাকে ম্যাগনেটোস্ফিয়ার বলে।

৩৬. কোন স্তরে ভ্যান অ্যালেন বিকিরন বলয় দেখা যায়?
উঃ ম্যাগনেটোস্ফিয়ারে।

৩৭. আয়নোস্ফিয়ারের প্রধান উপাদান কি?
উঃ আণবিক নাইট্রোজেন ও পারমাণবিক অক্সিজেন।

৩৮. মেসোস্ফিয়ারের প্রধান উপাদান কি?
উঃ ওজোন গ্যাস।

৩৯. ওজোন শব্দটির অর্থ কি?
উঃ গ্রীক শব্দ 'Ozo' থেকে ওজোন শব্দটি এসেছে, যার অর্থ হল গন্ধ।

৪০. পৃথিবীর বায়ুমন্ডলের কোন স্তরকে 'জীবকূলের রক্ষাকর্তা' বলে?
উঃ ওজোন স্তরকে।

৪১. ওজোন গ্যাসের রঙ কি প্রকৃতির?
উঃ নীল।

৪২. কত সালে সর্বপ্রথম ওজোন গর্ত সম্পর্কে জানা যায়?
উঃ ১৯৮৫ সালে।

৪৩. ওজোন গর্ত সর্বপ্রথম কোন মহাদেশের বায়ুমন্ডলে আবিষ্কৃত হয়?

উঃ আন্টার্কটিকা।

৪৪. Ozone Hole (ওজোন গর্ত) শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
উঃ ডঃ ফারমেন।

৪৫. প্রতি বছর কোন সময় ওজোন স্তরের সর্বাধিক ক্ষয় ঘটে?
উঃ সেপ্টেম্বর থেকে নভেম্বর মাসে।

৪৬. কোন গ্যাস ওজোন স্তরের সর্বাধিক বিনাশসাধন করে?
উঃ ক্লোরোফ্লুরোকার্বন (CFC)।

৪৭. ওজোন স্তরের ঘনত্ব কোন এককের সাহায্যে প্রকাশ করা হয়?
উঃ ডবসন একক (DU)।

৪৮. প্রাকৃতিক সৌরপর্দা কাকে বলে?
উঃ ওজোন স্তরকে।

৪৯. কত সালে, কোন যন্ত্রের সাহায্যে সর্বপ্রথম ওজোন গ্যাসের ঘনত্ব পরিমাপ করা হয়?
উঃ ১৯২০ সালে, ডবসন অতিবেগুনি স্পেকটোমিটার যন্ত্রের সাহায্যে।

৫০. কার নামানুসারে ওজোন স্তরের ঘনত্বের এককের নামকরন করা হয়েছে?
উঃ ব্রিটিশ পদার্থবিদ গর্ডন ডবসন।

৫১. ওজোন গর্ত সর্বপ্রথম কে আবিষ্কার করেন?
উঃ ডঃ ফারমেন।

৫২. নিরক্ষীয় অঞ্চলে ওজোন গ্যাসের গড় ঘনত্ব কত?
উঃ ২৫০ DU (ডবসন একক)।

৫৩. নাতিশীতোষ্ণ অঞ্চলে ওজোন গ্যাসের গড় ঘনত্ব কত?
উঃ ৩৫০ DU (ডবসন একক)।

৫৪. মেরু ও উপমেরু অঞ্চলে ওজোন স্তরের গড় ঘনত্ব কত?
উঃ ৪৫০ DU (ডবসন একক)।

৫৫. ওজোন স্তর সংরক্ষনের জন্য কত সালে মন্ট্রিল চুক্তি স্বাক্ষরিত হয়?
উঃ ১৯৮৭ সালের ১৬ ই সেপ্টেম্বর।

৫৬. প্রতি বছর কোন দিনটি আন্তর্জাতিক ওজোন স্তর সংরক্ষন দিবস হিসেবে পালন করা হয়?
উঃ ১৬ ই সেপ্টেম্বর।

৫৭. ওজোন স্তর ক্ষয়রোধের জন্য কত সালে, কোথায় বসুন্ধরা সম্মেলন অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৯২ সালের ৩-১৪ ই জুন। ব্রাজিলের রিও-ডি-জেনিরো শহরে।

৫৮. পৃথিবীর গড় উষ্ণতা বৃদ্ধির জন্য কোন গ্রীনহাউস গ্যাস সর্বাধিক দায়ী?

উঃ কার্বন ডাই অক্সাইড।

৫৯. ওজোন স্তর সংরক্ষনের জন্য কত সালে ভিয়েনা কনভেনশন অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৮৫ সালের ২২ শে মার্চ।

৬০. কত সালে, কে সর্বপ্রথম বায়ুমন্ডলের উষ্ণতা বৃদ্ধির ঘটনায় 'গ্রীনহাউস' শব্দটি ব্যবহার করেন?
উঃ ১৯০১ সালে, সুইডিশ আবহাওয়াবিদ নীলস গুস্তাফ একহোম।

৬১. নিস্ক্রিয় সৌর বিকিরণ (অ্যালবেডো) এর পরিমান কত?
উঃ ৩৪%।

৬২. কার্যকরী সৌরতাপের পরিমান কত?
উঃ ৬৬%।

৬৩. কোন এককের দ্বারা সৌর তরঙ্গগুলি পরিমাপ করা হয়?
উঃ মাইক্রন (Micron)।

৬৪. সূর্য থেকে আগত সৌরতাপের কত শতাংশ পৃথিবীর বায়ুমন্ডল গ্রহন করে?
উঃ ১৯%।

৬৫. সূর্য থেকে আগত সৌরতাপের কত শতাংশ পৃথিবীর ভূ-পৃষ্ঠে পতিত হয়?

উঃ ৪৭%।

৬৬. পৃথিবীর ভূ-পৃষ্ঠে পতিত সৌরতাপের কত শতাংশ প্রত্যক্ষ সূর্য রশ্মি রূপে ভূ-পৃষ্ঠে এসে পৌঁছায়?
উঃ ১৯%।

৬৭. পৃথিবীর ভূ-পৃষ্ঠে পতিত সৌরতাপের কত শতাংশ মেঘপুঞ্জ থেকে বিচ্ছুরিত হয়ে ভূ-পৃষ্ঠে এসে পৌঁছায়?
উঃ ২৩%।

৬৮. পৃথিবীর ভূ-পৃষ্ঠে পতিত সৌরতাপের কত শতাংশ আকাশ থেকে আলোর বিকিরণ রূপে ভূ-পৃষ্ঠে এসে পৌঁছায়?
উঃ ০৫%।

৬৯. তাপ গ্রহন ও বিকিরণের ক্ষেত্রে পৃথিবীকে কিরূপ বস্তু হিসেবে ধরা হয়?
উঃ কৃষ্ণবস্তু (Black Body)।

৭০. বায়ুমন্ডলের বাতায়ন কি?
উঃ পৃথিবী থেকে বায়ুমন্ডলের দিকে বিকিরিত দীর্ঘ তড়িৎ-চুম্বকীয় তরঙ্গ গুলিকে বায়ুমন্ডলের বাতায়ন বা Atmospheric Window বলে।

৭১. সূর্য থেকে প্রাপ্ত মোট তাপশক্তির কত শতাংশ পৃথিবীতে এসে পৌঁছায়?
উঃ প্রায় ২০০ কোটি ভাগের মাত্র ১ ভাগ।

৭২. সূর্য থেকে আগত সৌরতাপের কত শতাংশ পৃথিবীর বায়ুমন্ডল দ্বারা সরাসরি শোষিত হয়?
উঃ ১৭%।

৭৩. সূর্য থেকে আগত সৌরতাপের কত শতাংশ পৃথিবীর বায়ুমন্ডলের মেঘ ও এরোসোল জাতীয় পদার্থ দ্বারা শোষিত হয়?
উঃ ০২%।

৭৪. সৌর ধ্রুবক কি?
উঃ বায়ুমন্ডলের উপরিভাগের এক বর্গ মিটার সমতলক্ষেত্রকে যদি আগত সৌর-কিরণের দিকে লম্ব ভাবে ধরা হয়, তবে ওই এক বর্গ মিটার সমতলক্ষেত্রে পৃথিবী থেকে সূর্যের গড় দূরত্বে প্রতি এক সেকেন্ড সময়ে যে পরিমান সৌর-কিরণ পাওয়া যায়, তাকে সৌর ধ্রুবক বা Solar Constant বলে।

৭৫. পৃথিবীর নিরক্ষীয় অঞ্চল, মেরু অঞ্চল অপেক্ষা কত গুন বেশি সৌররশ্মি পেয়ে থাকে?
উঃ ২.৫ গুন।

৭৬. বিকিরণ জনিত বৈপরীত্য উত্তাপ কোথায় দেখা যায়?
উঃ উচ্চ ও মধ্য অক্ষাংশ-এ অবস্থিত স্থলভাগ অঞ্চলে রাত্রিকালে।

৭৭. পার্বত্য অঞ্চলে শীতকালে, রাত্রিবেলা নিম্নাভিমুখী বায়ুকে কি বলে?
উঃ ক্যাটাবেটিক বায়ু।

৭৮. কোন এককের সাহায্যে বায়ুচাপ পরিমাপ করা হয়?
উঃ প্যাসক্যাল বা মিলিবার।

৭৯. কোন যন্ত্রের সাহায্যে বায়ুর চাপ পরিমাপ করা হয়?
উঃ ব্যারোমিটার।

৮০. সমুদ্রপৃষ্ঠে বায়ুর চাপের পরিমান কত?
উঃ ১০১৩ মিলিবার।

৮১. কোন বিজ্ঞানীর নামানুসারে কোরিওলিস বলের নামকরন করা হয়েছে?
উঃ গ্যাসপার্ড গুস্তাভে ডি কোরিওলিস।

৮২. কোরিওলিস বল প্রধানত কোন দুটি কারনের ওপর নির্ভরশীল?
উঃ অক্ষাংশীয় অবস্থান ও বায়ুর গতিবেগ।

৮৩. রাফনেস লেন্থ কি?
উঃ ভূ-পৃষ্ঠ থেকে উর্দ্ধস্তরের বায়ুর গতিবেগের হ্রাসকে রাফনেস লেন্থ বলে।

৮৪. বায়ুর অভিসরণ কি?
উঃ বায়ুর গতিবেগ যদি সামনের দিকে কমতে থাকে, তখন তাকে অভিসরণ বা Convergence বলে।

৮৫. প্রতিসরণ কি?

উঃ ঘর্ষনজনিত কারনে বা অন্য কোনো কারনে বায়ুর গতিবেগ বৃদ্ধিপ্রাপ্ত হলে, তাকে প্রতিসরণ বা Divergence বলে।

৮৬. বায়ুচাপের তারতম্যের প্রধান কারন কয়টি ও কিকি?
উঃ ৩ টি। উষ্চতা, উষ্ণতা ও জলীয় বাষ্প।

৮৭. সমুদ্রতল থেকে ১ কিমি উষ্চতায় বায়ু চাপের পরিমান কত?
উঃ ৮৯৮.৮ মিলিবার।

৮৮. উষ্চচাপ অঞ্চলে উঃ গোলার্ধে কোন দিকে বায়ু প্রবাহিত হয়?
উঃ ঘড়ির কাঁটার দিকে (Clockwise)।

৮৯. উষ্চচাপ অঞ্চলে দঃ গোলার্ধে কোন দিকে বায়ু প্রবাহিত হয়?
উঃ ঘড়ির কাঁটার বিপরীত দিকে (Anti Clockwise)।

৯০. নিম্নচাপ অঞ্চলে উঃ গোলার্ধে বায়ু কোন দিকে প্রবাহিত হয়?
উঃ ঘড়ির কাঁটার বিপরীত দিকে (Anti Clockwise)।

৯১. নিম্নচাপ অঞ্চলে দঃ গোলার্ধে বায়ু কোন দিকে প্রবাহিত হয়?
উঃ ঘড়ির কাঁটার দিকে (Clockwise)।

৯২. পৃথিবীর বায়ুমন্ডলের বায়ুচাপ বলয়ের সংখ্যা কত?
উঃ ৭ টি।

৯৩. পৃথিবীর বায়ুমন্ডলের বায়ুচাপ বলয় গুলির মধ্যে কয়টি উষ্চচাপ বলয় ও কয়টি নিম্নচাপ বলয়?
উঃ ৪ টি উষ্চচাপ বলয় ও ৩ টি নিম্নচাপ বলয়।

৯৪. পৃথিবীর বায়ুমন্ডলের উষ্চচাপ বলয় গুলি কিকি?
উঃ কর্কটীয় উষ্চচাপ বলয়, মকরীয় উষ্চচাপ বলয়, উত্তর মেরুদেশীয় উষ্চচাপ বলয় ও দক্ষিন মেরুদেশীয় উষ্চচাপ বলয়।

৯৫. পৃথিবীর বায়ুমন্ডলের নিম্নচাপ বলয় গুলি কিকি?
উঃ নিরক্ষীয় নিম্নচাপ বলয়, উত্তর মেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়, দক্ষিন মেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়।

৯৬. I.T.C.Z. শব্দটির অর্থ কি?
উঃ Inter Tropical Convergence Zone (আন্তঃ ক্রান্তীয় মিশ্রণ অঞ্চল)।

৯৭. নিরক্ষীয় নিম্নচাপ বলয়ের অক্ষাংশগত অবস্থান কত?
উঃ নিরক্ষরেখা থেকে উভয়দিকে ৫-১০ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশের মধ্যে।

৯৮. কর্কটীয় ও মকরীয় উষ্চচাপ বলয়ের অক্ষাংশগত অবস্থান কত?
উঃ কর্কটীয় উষ্চচাপ বলয় - কর্কটক্রান্তি রেখার উত্তরে, ২৫ থেকে ৩৫ ডিগ্রি উঃ অক্ষাংশের মধ্যে।
মকরীয় উষ্চচাপ বলয় - মকরক্রান্তি রেখার দক্ষিনে, ২৫ থেকে ৩৫ ডিগ্রি দঃ অক্ষাংশের মধ্যে।

৯৯. উঃ ও দঃ মেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়ের অক্ষাংশগত অবস্থান কত?
উঃ উত্তর মেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয় - ৬০ থেকে ৬৫/৭০ ডিগ্রি উত্তর অক্ষাংশের মধ্যে।
দক্ষিন মেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয় - ৬০ থেকে ৬৫/৭০ ডিগ্রি দক্ষিন অক্ষাংশের মধ্যে।

১০০. উঃ ও দঃ মেরুদেশীয় উষ্চচাপ বলয়ের অক্ষাংশগত অবস্থান কত?
উঃ উত্তর মেরুদেশীয় উষ্চচাপ বলয় - ৬৫/৭০ থেকে ৯০ ডিগ্রি উঃ অক্ষাংশের মধ্যে।
দক্ষিন মেরুদেশীয় উষ্চচাপ বলয় - ৬৫/৭০ থেকে ৯০ ডিগ্রি দঃ অক্ষাংশের মধ্যে।

-অরিজিৎ সিংহ মহাপাত্র (সহযোগী সম্পাদক, মিশন জিওগ্রাফি ইন্ডিয়া)।
©মিশন জিওগ্রাফি ইন্ডিয়া।

MGI SLST GEOGRAPHY ONLINE COACHING

Contact: 9735337699/8640890159 (WhatsApp)

MGI SLST GEOGRAPHY ONLINE COACHING

বাড়িতে বসে অনলাইনের মাধ্যমে
স্কুল সার্ভিস ভূগোলের জন্য প্রস্তুতি নিন

Not yet a member?
JOIN NOW

www.missiongeographyindia.in

Google Search: MGI PRIME MEMBERSHIP

আপনি এক বছরের মেম্বারশিপ নিয়ে পাবেন

১. ১৪৬টি টপিকের উপর ৫০+ টি করে SAQ প্রশ্নত্তোর এর টপিক ভিত্তিক PDF
২. তিন মাসের কোর্সে ৭৩০০+ গুরুত্বপূর্ণ প্রশ্নত্তোর এর বিশাল সম্ভার
৩. কোর্স চলাকালীন ১২টি মক টেস্ট এবং পুরো এক বছরে ৫০+ টি মক টেস্ট থেকে ১৫০০+ MCQ প্রশ্নত্তোর
৪. প্রতিনিয়ত Guidance ইত্যাদি

MOB: 9735337699/8640890159 (WhatsApp)

www.missiongeographyindia.in